তারিখ ... 9 FEB 2017 ... পৃষ্ঠা ... ৬ ... ৪

# কালীগঞ্জে শিক্ষককে পেটালেন প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

**কালীগঞ্জ (গাজীপুর) প্রতিনিধি**

কালীগঞ্জ উপজেলার বক্তারপুর ইউনিয়নের ব্রাহ্মণগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল্লাহ আল মামুনকে পেটালেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শামিম আহাম্মদ। মঙ্গলবার শিক্ষা কর্মকর্তা স্ট্যাপলার দিয়ে আঘাত করলে প্রধান শিক্ষকের কপাল ফেটে রক্ত বের হয়। মঙ্গলবার বিকালে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বালিগাঁও মডেল প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কউছার মিয়াকে সঙ্গে নিয়ে ব্রাহ্মণগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় ভিজিটে যান। প্রধান শিক্ষক আবদুল্লাহ আল মামুনকে বিভিন্ন তথ্য দিতে বলেন, তথ্য প্রদানে বিলম্ব হওয়ায় ওই কর্মকর্তা রেগে গিয়ে টেবিলে থাকা স্ট্যাপলার ছুড়ে মারলে প্রধান শিক্ষকের কপাল ফেটে রক্ত বের হয়। পরিস্থিতি বেগতিক দেখে ওই শিক্ষা কর্মকর্তা তাড়াতাড়ি সেখান থেকে বেরিয়ে যান। আহত শিক্ষককে কালীগঞ্জ হাসপাতালে ভর্তি করা হয়। প্রধান শিক্ষক জানান, আমার কাছে বিভিন্ন কাগজপত্র চান। এসব গুছিয়ে দিতে একটু দেরি হলে তিনি আমাকে থাপ্পড় মারতে উদ্যত হন। এ সময় তার পাশে থাকা শিক্ষকরা বাধা দেন। কিছুক্ষণ পর আবার উত্তেজিত হয়ে স্ট্যাপলার ছুড়ে মারেন। স্ট্যাপলারের আঘাতে আমার মাথা ফেটে যায়। ইউএনও খন্দকার মুশফিকুর রহমান জানান, আহত প্রধান শিক্ষক লিখিত অভিযোগ করেছেন। তদন্তসাপেক্ষে এর ব্যবস্থা নেয়া হবে।